আত্মঘাতী গোলে বিশ্বকাপ চ্যাম্পিয়ন স্পেন

এদিকে অস্ট্রেলিয়ায় টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রতিটি ম্যাচ উত্তেজনা ছড়াচ্ছে। রুদ্ধশ্বাস সেসব ম্যাচ নিয়ে যখন বিভোর ক্রিকেটপ্রেমীরা, তখন ভারতের মুম্বাইয়ে হয়ে গেল শ্বাসরুদ্ধকর এক ফুটবল লড়াই।

যে লড়াইয়ে জিতে ফিফা বিশ্বকাপ চ্যাম্পিয়ন হয়েছে স্পেন। তাও কিনা আত্মঘাতী গোলের কল্যাণে।

মুম্বাইয়ের ডিওয়াই পাতিল স্টেডিয়ামে রোববার ফাইনালে মুখোমুখি হয় স্পেন ও কলম্বিয়ার অনূর্ধ্ব-১৭ দলের মেয়েরা।

ম্যাচে কলম্বিয়াকে ১-০ গোলে হারিয়ে শিরোপা জয় করেছে স্পেন। এতে আরও একবার ফিফা বিশ্বকাপ চ্যাম্পিয়ন হলো স্পেন, ট্রফি রেখে দিল নিজেদের কাছেই।

গোটা ম্যাচেই ছিল গোলের জন্য হাহাকার। আক্রমণে গিয়ে বারংবার ব্যর্থ হয়েছেন দুই দলের খেলোয়াড়রা। কোনো গোলমুখ খোলা যায়নি ৮২ মিনিট পর্যন্ত।

এর পর যে গোলটি এসেছে সেটি আত্মঘাতী। কলম্বিয়ার ডিফেন্ডার অ্যানা মারিয়া গুজম্যান জাপাতা বল ক্লিয়ার করার চেষ্টায় নিজেদের জালেই বল জড়ান। আর এই গোলের হাত ধরেই চ্যাম্পিয়ন হয়ে শেষ হাসি হাসে স্পেন।

গাংনীতে নয়া প্রতারক চক্রের হানা, বিভিন্ন গ্রামে ভাতা

দেয়ার নামে টাকা আদায়

মেহেরপুরের গাংনীতে প্রতিবন্ধী,বয়স্ক ও বিধবাদের ভাতা কার্ড করে দেয়ার কথা বলে গাংনীর বিভিন্ন গ্রাম থেকে হাজার হাজার টাকা নিয়েছে একটি প্রতারক চক্র। সমাজ সেবা অফিস থেকে ভাতার টাকা গ্রহনের কথা বলে ভুক্তভোগীতের হাতে একটি নীল রংয়ের মানি রিসিপ্ট দিয়েছে প্রতারকচক্রটি।

প্রতারক চক্রের দেয়া মানি রিসিপ্ট নিয়ে সোমবার সকালে গাংনী উপজেলা সমাজ সেবা অফিস থেকে বেশ কয়েকজন টাকা নিতে আসলে প্রতারণার বিষয়টি জানাজানি হয়।

জানাগেছে, ‘বিদেশী সংস্থা সৌদিআরব অনুদানের তালিকা’ নামক একটি নীল রংয়ের ফরম যার রেজিষ্ট্রেশন নাম্বার ২০৮৬৫১, পুরুনের মাধ্যমে গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের কসবা গ্রামের রুমিয়া খাতুন নামের এক বৃদ্ধার কাছ থেকে নিয়েছে ৬ হাজার টাকা।

রাইপুর ইউনিয়নের চাঁদপুর গ্রামের হাবিবুর রহমানের মেয়ে আমিনা খাতুনের বিধবা ভাতা এক কালীণ মোটা অংকের টাকা পাইয়ে দেবার কথা বলে নগদ নিয়েছে ৩ হাজার টাকা এবং ০১৭৪১৪৭৮১৮৮ নাম্বারে বিকাশ নিয়েছে ২ হাজার টাকা, ছাতিয়ান গ্রামের ওমর আলীর ছেলে শাহিনের প্রতিবন্ধী কার্ডের মাধ্যমে এককালীণ মোটা টাকা পাইয়ে দেবার কথা বলে নিয়েছে ৫ হাজার টাকা। এভাবে উপজেলার বিভিন্ন গ্রামের প্রতারক চক্রটি অসহায় মানুষকে ধোকা দিয়ে হাজার হাজার টাকা নিয়ে অত্নগোপন করেছে। টাকা দেয়া ব্যাক্তিরা সোমবার সকালে গাংনী উপজেলা সমাজ সেবা অফিসে একটি নীল রংয়ের মানি রিসিপ্ট(রশিদ) নিয়ে টাকা নিতে আসেন।

টাকা নিতে আসা বৃদ্ধা রুমিয়া জানান, তিনজন লোক শুক্রবার সকালে গাংনী উপজেলা সমাজ সেবা অফিসের কর্মচারী পরিচয়ে আমাদের বাড়িতে যায়। আমাদের ভাতা কার্ড এর মাধ্যমে এককালীণ ২৫ হাজার টাকা পাইয়ে দেবে । যারা আমাদের সদস্যভুক্ত হবে শুধুমাত্র তারাই টাকা পাবে বলে জানালে আমি ধার দেনা করে ৬ হাজার টাকা দিই। আজ সোমবার সকালে সমাজ সেবা অফিসে টাকা নিতে এসে শুনছি এসব ভুয়া কথা।

প্রতারণার শিকার আমিনা খাতুন জানান,একটি নীল রংয়ের ফরম নিয়ে আমাদের বাড়িতে দুইজন লোক যান। তারা গাংনী সমাজ সেবা অফিসের পরিচয়ে বলে সরকার আপনাকে ৩০ হাজার টাকা দিয়েছে।উক্ত টাকা তুলতে

হলে ৬ হাজার টাকা জমা দিতে হবে, আজকে না দিলে ওই টাকা পাওয়া যাবেনা। আমি আমার এক প্রতিবেশির কাছ থেকে ধার করে উক্ত টাকা পরিশোধ করি। তারা আমার হাতে একটি কাগজ ধরিয়ে দিয়ে বলেন এই কাগজটি নিয়ে গাংনী উপজেলা সমাজ সেবা অফিসে গেলে টাকা পাবেন। তাই আমি টাকা নিতে এসে শুনছি এসব প্রতারণা।

এমন তথ্য জানালেন ছাতিয়ান গ্রামের প্রতিবন্ধী শাহিনের পিতা ওমর আলী। এভাবে একটি সংগবদ্ধ প্রতারক চত্র গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে গিয়ে টাকা তুলে আত্নগোপন করেছে। টাকা দিয়ে প্রতারিত হয়েছেন এমন অনেকেই লজ্জায় মুখ খুলছেন না।

একে একে সমাজ সেবা অফিসে এসে টাকার কথা বলে বিব্রত হয়ে পড়েন সমাজ সেবা কর্মকর্তা।

গাংনী উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আরশাদ আলী জানান, গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় একটি প্রতারক চক্র মানুষকে প্রতারণার ফাঁদে ফেলার জন্য মাঠে নেমেছে। অনেকেই প্রতারণার শিকার হয়ে টাকা হারিয়েছেন এমন সংবাদ শুনেছি। অনেকেই আমাদের দপ্তরের নাম ভাঙ্গাচ্ছেন। জনগন সচেতন হলে এসব প্রতারণার শিকার হবেনা। কাউকে টাকা পয়সা দিয়ে প্রতারিত হবেন না। কোন ব্যাক্তি আমাদের নাম করে গ্রামে গেলে সাথে সাথে তাদের আটক করে পুলিশে দেয়ার অনুরোধ করেন।

মেহেরপুরে গাঁজা ও হেরোইনসহ দুই মাদক কারবারী গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশ পৃথক দুটি অভিযান চালিয়ে এক গ্রাম হেরোইন ও ১০০ গ্রাম গাঁজাসহ ২ মাদক ব্যবসায়ী আটক করেছে।

আটকরা হলেন, মেহেরপুর শহরের বোশপাড়া এলাকার সামসুল আলমের ছেলে সোলাইমান হোসেন (২৬) ও গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের নজরুল ইসলামের ছেলে আলমগীর হোসেন (৩২)।

রবিবার দিবাগত রাত আনুমানিক ১২ টার দিকে সদর থানা পুলিশের একটি

টিম মেহেরপুর শহরের বোশপাড়া এলাকায় সোলাইমান হোসেনের বাড়িতে অভিযান চালিয়ে ১ গ্রাম হেরোইনসহ গ্রেফতার করে থানায় নেন। অপরদিকে গাংনী থানা পুলিশের একটি টিম চেংগাড়া গ্রামের নজরুল ইসলামের বাড়িতে অভিযান চালিয়ে তার ছেলে আলমগীর হোসেনকে আটক করে। আলমগীর হোসেন পেশায় একজন রং মিস্ত্রি বলে জানান পুলিশ।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

হেরোইন ও গাঁজা উদ্ধারের ঘটনায় সদর ও গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক দুটি মামলা দিয়ে আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ১২ মামলার আসামি ভারতে অবৈধ অনুপ্রবেশের দায়ে গ্রেফতার

অবৈধ অনুপ্রবেশের দায়ে লালন হোসেন (৩৩) নামের এক ব্যক্তিকে গ্রেফতার করেছে ৬ বিজিবি বাজিতপুর ক্যাম্প। লালন হোসেন মেহেরপুর সদর উপজেলার নতুনপাড়া গ্রামের আবুল কাশেমের ছেলে।

রবিবার (৩০ অক্টোবর) দিবাগত রাত ৭ টার দিকে সদর উপজেলার বাজিতপুর সীমান্তের আন্তর্জাতিক ১১৯/১০আরএস পিলারের এর নিকট থেকে তাকে গ্রেফতার করে বিজিবি।

৬ বিজিবির বাজিতপুর বিওপি কমান্ডার এসিও মোকলেছুর রহমানের নেতৃত্বে বিজিবির একটি টহল দল তাকে গ্রেফতার করেন।

অবৈধ অনুপ্রবেশের অভিযোগে বিজিবির পক্ষ থেকে মেহেরপুর সদর থানায় ১৯৭৩ সালের পাসপোটৃ আইনের ৩ ধারায় একটি মামলা দেওয়া হয়েছে। যার মামলা নং ৩৩।

বাজিতপুর বিওপি কমান্ডার এসিও মোকলেছুর রহমান বলেন, সীমান্তের ১১৯/১০ আর এস পিলারের নিকট দিয়ে অবৈধভাবে ভারতে অনুপ্রবেশের সময় বাংলাদেশের অভ্যন্তর থেকে লালনকে গ্রেফতার করে মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

এদিকে সদর থানার মামলার বাদী সদর থানার উপপরিদর্শক (এসআই) মোয়াজ্জেম হোসেন বলেন, গ্রেফতারকৃত লালন হোসেনের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, পাসপোর্ট ও বিশেষ ক্ষমতা আইনে তার বিরুদ্ধে ১২ টি মামলা রয়েছে।

আজ সোমবার (৩১ অক্টোবর) দুপুরের দিকে লালন হোসেনকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গড়াইটুপিতে শত বছরের পুরনো ঐতিহ্যবাহী শ্রী কাত্যায়নী পূজা

কার্তিক বা কত্যায়নী পূজা হিন্দু বাঙালিদের একটি জনপ্রিয় ধর্মীয় উৎসব। এ উৎসব কে ঘিরে চুয়াডাঙ্গায় এবারও পুরনো রীতি অনুসারে শত বছরের ঐতিহ্যবাহী কত্যায়নী পূজা উৎসব মুখর জাঁকজমকপূর্ণ পরিবেশের মধ্যে দিয়ে কলাগাছি গ্রামে অনুষ্ঠিত হয়েছে।

ইতিমধ্যেই পূর্জার সকল কাজ সম্পুর্ন শেষে আজ ৩০ অক্টোবর মহাষষ্ঠীর মধ্য দিয়ে আরম্ভ হয়েছে এ পূর্জার আনুষ্ঠানিকতা। ৫ দিনের এ উৎসব আগামী ৩ নভেম্বর দশমী বিসর্জনের মধ্যে দিয়ে শেষ হবে।

রবিবার(৩০ অক্টোবর) হিন্দু সম্প্রদায়ের পুরনো রীতি অনুসারে অতীতের মতো প্রতিবছরের ন্যায় জেলার দর্শনা থানার গড়াইটুপি ইউনিয়নের কলাগাছি গ্রামের দু’টি মন্দিরে অনুষ্ঠিত হয়েছে এ ঐতিহ্যবাহী শ্রী শ্রী কাত্যায়নী পূজা বা কার্তিক পূজার এ উৎসটি।

হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গা উৎসব।এ

দূর্গা উৎসবের ঠিক একমাস পরই কলাগাছির হিন্দু সম্প্রদায়ের মধ্যে কার্তিকী বা কাত্যায়নী পূজাটি উদযাপন করে থাকেন। এ পূজাকে ঘিরে কলাগাছির হিন্দু সম্প্রদায়ের মধ্যে বিরাজ করছে উৎসবের আমেজ।

পূর্জা প্রাঙ্গণে গিয়ে দেখা যায়, ইতিমধ্যেই পাবনা থেকে আগত প্রতিমা শিল্পী শ্রী জিতেন চন্দ্র’র নিখুঁত হাতে খড়,বাঁশ,কাঁঠ, বেলে ও এটেল মাটি দিয়ে তৈরি করেছেন স্বরস্বতী, কার্তিক,লক্ষী,সিংহ, গণেশ, অসুর, মহিষ, হাতি,পদ্মফুল প্রভৃতি প্রতিমাগুলো। প্রতিমা গুলোর শুকানোর পর প্রতিমা শিল্পীর নিখুঁত হাতের ছোঁয়া আর রঙ তুলির আঁচড়ে ফুটে উঠেছেন সকল প্রতিমা গুলো। দেখে মনে হয় প্রতিমা শিল্পী তার হাতের জাদুকরী ছোঁয়াতে রূপ দান করেছেন আপন মনে। ফুটিয়ে তুলেছেন জীবন্ত রূপ। মূলতঃ হিন্দু সম্প্রদায়ের উৎসব হলেও মন্দির প্রাঙ্গণে প্রতিমা গুলো দেখতে সনাতন ধর্মাবলম্বীর পাশাপাশি পথচারী সহ এলাকার শিশু - কিশোররাও ছুটে যাচ্ছেন দেখতে।

পূজা উদযাপন কমিটির পক্ষ থেকে জানা গেছে, কার্তিক পূজা বাঙালি হিন্দু সম্প্রদায়ের একটি জনপ্রিয় উৎসব। কার্তিক শিব ও দুর্গার সন্তান।তিনিই হিন্দুদের যুদ্ধ দেবতা। এ পূজাটি ভারতের পশ্চিমবঙ্গ অঞ্চলে জনপ্রিয় ও প্রসিদ্ধ। কার্ত্তিক পূজার মাধ্যমে দম্পতিরা তাদের সন্তান-সন্ততি প্রার্থনা করে থাকেন।

তিনি আরো বলেন, গত দুইটি বছর মহামারি করেনা সংক্রমণ প্রতিরোধ সল্প পরিসরে এ পূজা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছিলো এখানে। গত দুইটি বছরের আনন্দ পুষিয়ে নিতে এ বছরের অত্যন্ত জাঁকজমকপূর্ণ আর বাহারি আলোকসজ্জায় পূজা প্রাঙ্গণের গেইট ও ডেকোরেশনে সাজানো হয়েছে। মায়ের মন্দির ও প্রবেশের দার পথেও রয়েছেন বিভিন্ন রঙের আলোকবাতি। রোববার মহাষ্টমীর মধ্যে দিয়ে শুরু হয়়েছে এ পূর্জা উৎসব আগামী ৩ নভেম্বর বিজয়ী দশমিক মধ্য দিয়ে শেষ হবে। কার্ত্তিক দেবতাদের সেনাপতি।তিনি অসীম শক্তিধর দেবতা।সেজন্য তাকে রক্ষাকর্তা হিসেবে আমার প্রতিবছরের মতো এবারও ইউনিয়নটির কলাগাছি গ্রােমে এ পূজার আয়োজন করেছি।

এ বিষয়ে গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোহাঃ শফিকুর রহমান রাজু’র সাথে মুঠোফোনে কথা বললে তিনি বলেন,ইউনিয়নের কলাগাছি গ্রামটি খুবই সীমিত মানুষ নিয়ে গঠিত একটি গ্রাম। পুরোনো রীতি অনুসারে এখানে প্রতি বছরের এ দিনটিকে বসবাসরত হিন্দু সম্প্রদায়ের জনগোষ্ঠীর শত বছরেরে পুরনো এ কার্তিক পূজার আয়োজনে করে

জাঁকজমকপূর্ণ ভাবে পালন করে আসছেন।

মেকআপের প্রসাধনীতে স্বাস্থ্য ঝুঁকি!

মেকআপ নারীর সাজের গুরুত্বপূর্ণ অংশ। মেকআপ যেমন নারীর সৌন্দর্য ফুটিয়ে তোলে, তেমনি এর ক্ষতিকর দিকও রয়েছে- যদি ত্বকের ধরন অনুযায়ী সঠিক প্রসাধনী ব্যবহার না করা যায়। কারণ বাজারে চলতি প্রসাধনীতে মেশানো থাকে কিছু না কিছু রাসায়নিক, যা স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকারক।

ত্বক ভীষণ সংবেদনশীল। আর তাই ত্বকে কোনো কিছু ব্যবহারের আগে তার সম্বন্ধে অবশ্যই জেনে রাখা প্রয়োজন।যেমন ফাউন্ডেশন এবং মাসকারার মতো মেকআপ যেগুলো নারীরা ব্যবহার করেন, সেগুলো নিরাপদই মনে করা হয়। কিন্তু বাস্তবে এগুলোর পার্শ্বপ্রতিক্রিয়া আছে। যার মধ্যে স্তন ক্যান্সার, ইনফেকশন, ব্রণ ও বন্ধ্যত্বের মতো স্বাস্থ্য ঝুঁকি দেখা দিতে পারে।

প্রথমত মেকআপে ‘প্যারাবেন’ নামে একটি গুরুত্বপূর্ণ কেমিক্যালের উপস্থিতি পাওয়া যায়৷ দ্বিতীয়ত ‘ফালেটস’-এর উপস্থিতি অসংখ্য স্বাস্থ্য ঝুঁকি বাড়িয়ে দেয়।

প্যারাবেন যা মাসকারা এবং মেকআপে পাওয়া যায়। ভেতরে ব্যাক্টিরিয়ার বেড়ে ওঠা আটকাতে, এটি নারীদের স্তন ক্যান্সারে আক্রান্ত হওয়ার সঙ্গে ভূমিকা রাখে।

প্যারাবেন ছাড়াও ডিইপি (ডাইথেল ফালেটস) বন্ধ্যত্ব সৃষ্টিতে জড়িত এবং এটি গর্ভবতীকালীন সময়ে শিশুর বেড়ে ওঠায় প্রভাব ফেলে। ফলে আমরা মেকআপ সাবধানতার সঙ্গে এবং কম ব্যবহারের জন্য বলি৷

তিন থেকে ছয় মাসের মধ্যে আমাদের মেকাপ পরিবর্তন করা জরুরি, যেটি কঠিন। তাই আমার উপদেশ সঠিক মেকআপ বাঁছাইয়ে ত্বক বিশেষজ্ঞের সঙ্গে আলাপ করে নিন।

অতিরিক্ত মেকআপ ব্যবহার করলে কী হয়?

মেকআপে কেমিক্যাল থাকে। কিছুতে কম এবং কিছুতে বেশি। মেকআপ নেওয়া সমস্যা নয়। অতিরিক্ত এবং লম্বা সময়ের (৫ ঘণ্টার বেশি) জন্য এবং প্রতিদিন মেকআপ নেওয়া পার্শ্বপ্রতিক্রিয়া সৃষ্টি করে। যেমন-লোমকূপ, ব্রণ, লোমকূপ বন্ধ হয়ে যাওয়া এবং অনুজ্জ্বল ত্বকের মতো সমস্যা দেখা দেয়।

মেকআপ কি ত্বকের বয়স বাড়িয়ে দেয়?

হ্যাঁ, মেকআপের কারণে আমাদের বয়স্ক দেখা যেতে পারে। এর কারণে অকাল বার্ধক্য ঘটতে পারে। অতিরিক্ত মেকআপ ব্যবহারের কারণে ত্বকের গুণও হারিয়ে যেতে পারে। ত্বক শুষ্ক, সংবেদনশীল এবং লাবণ্যহীন দেখা যায়। এ কারণে ত্বকের ধরন অনুযায়ী মেকআপ বাছাইয়ে সব সময় একজন ত্বক বিশেষজ্ঞের সঙ্গে পরামর্শ করতে হবে।

তাই স্বাস্থ্যকর ত্বকের জন্য ত্বকের ধরন অনুযায়ী প্যারাবেনবিহীন এবং গ্লুটেনবিহীন প্রসাধনী অপরিহার্য। কারণ উজ্জ্বল ত্বক বলতে কিছু না, গ্লাস ত্বকই (মসৃণ, কোমল ও দাগহীন) আসল।

লেখক: স্কিন স্পেশালিস্ট, বিউটি অ্যান্ড সোশ্যাল ইনফ্লুয়েন্সার।

দামুড়হুদার চন্দ্রবাসে পুকুরে ডুবে শিশুর মৃত্যু

দামুড়হুদার চন্দ্রবাস গ্রামে পুকুরের পানিতে ডুবে ৪বছর বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে। রবিবার দুপুরে বাড়ির পাশের একটি পুকুরে ডুবে শিশুটির মৃত্যু হয়। শিশু যুবায়েদ রহমান জুনায়েদ দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের চন্দ্রবাস গ্রামের মাঠপাড়ার শরিফুল ইসলামের ছেলে।

পরিবার ও স্থানীয়দের বলেন, রবিবার সকালে শিশু যুবায়েদ রহমান জুনায়েদ বাড়ির পাশে খেলছিল। এসময় তার মা বাড়িতে সাংসারিক কাজে ব্যস্ত ছিলেন। খেলতে খেলতে কখন পাশের পুকুরের পানিতে পড়ে যায়

জুনাইদ। স্থানীয় একজন গোসল করতে গেলে তার পায়ে শিশু জুনাইদের মরদেহ বাঁধে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, আমি এ ব্যাপারে এখনো কিছু জানি না।

ডেঙ্গি আক্রান্ত হয়ে হাসপাতালে ১ হাজার ২০ রোগী

গত এক দিনে দেশে এক হাজার ২০ জন ডেঙ্গি রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এ নিয়ে বর্তমানে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হওয়া ডেঙ্গি রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে তিন হাজার ৬৩০ জনে।

এ সময়ে সারাদেশে ডেঙ্গি আক্রান্ত হয়ে আরও ২ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গিতে ১৩৬ জন মারা গেছেন।

রোববার সারাদেশের পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের নিয়মিত ডেঙ্গিবিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ডেঙ্গি আক্রান্ত হয়ে হাসপাতালে নতুন ভর্তি হওয়াদের মধ্যে ৬১৮ জন ঢাকার বাসিন্দা। ঢাকার বাইরে হাসপাতালে ভর্তি হয়েছেন ৪০২ জন। বর্তমানে ঢাকার বিভিন্ন হাসপাতালে ভর্তি আছেন ২ হাজার ৩৫০ জন। আর ঢাকার বাইরের হাসপাতালগুলোতে ভর্তি আছেন এক হাজার ২৮০ জন।

গাংনীতে গরুর শিঙের গুতোয় ১ জন আহত

গরুর শিঙ এর গুতোয় কামরুল ইসলাম (৩৫) নামের এক কৃষক মারাক্তক আহত হয়েছেন। আহত কামরুল ইসলাম গাংনী পৌর শহরের চৌড়াছা গ্রামের আব্দুল খালেকের ছেলে।

আজ রবিবার (৩০ অক্টোবর) বিকালে গোয়াল ঘরে গরুকে বাঁধতে গিয়ে একটি গরু তাকে শিঙ দিয়ে গুতো মারে। এতে তার দু পায়ের মাঝখানে উরুতে আঘাত লাগে। আহত কামরুলকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন পরিবারের লোকজন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক উপসহকারি মেডিকেল অফিসার (স্যাকমো) সোহাগ আহম্মেদ বলেন তার উরুতে ক্ষত হয়েছে। কামরুলকে হাসপাতালে ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে।

দৌলতপুরে পাখিভ্যানের চাপায় শিশু নিহত

কুষ্টিয়ার দৌলতপুরে পাখিভ্যানের চাপায় দিশা আক্তার (৬) নামে এক শিশু নিহত হয়েছে। রোববার দুপুরের দিকে উপজেলার মরিচা ইউনিয়নের মাজদিয়াড় কারিতলা এলাকায় এ দূর্ঘটনা ঘটে।

নিহত শিশু একই ইউনিয়নের বৈরাগীরচর পূর্বপাড়া গ্রামের রিয়াজ উদ্দিনের মেয়ে এবং মাজদিয়াড় (কারিতলা) সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণীর শিক্ষার্থী।

প্রত্যক্ষদর্শী ও নিহতের স্বজনরা জানান, দিশা খাতুন স্কুল ছুটি শেষে নিজ বাড়ী ফেরার পথে স্কুলের সামনে রাস্তা পার হওয়ার সময় দ্রুতগামী পণ্য বোঝাই একটি পাখিভ্যান তাকে চাপা দেয়। এতে শিশু দিশা গুরুতর আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে দৌলতপুর উপজেলা

স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক দিশাকে মৃত ঘোষণা করেন।

পরে নিহত শিশুর মরদেহ উদ্ধার করে থানায় নেয় দৌলতপুর থানা পুলিশ। তবে নিহত শিশুর পরিবারের কোন অভিযোগ না থাকায় তার মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে বলে জানিয়েছেন দৌলতপুর থানার ওসি মজিবুর রহমান।